

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০৩

৩১ বৈশাখ, ১৪২০
তারিখ : -----
১৪ মে, ২০১৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।


প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের স্থাপনাসমূহের কাঠামোগত নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সম্প্রতি সাভারে একটি বহুতল ভবন ধ্বংসের মর্মান্তিক ঘটনার প্রেক্ষিতে সকল আর্থিক প্রতিষ্ঠানের স্থাপনাসমূহের কাঠামোগত নিরাপত্তার (Structural Security) বিষয়টি গুরুত্ব সহকারে পর্যালোচনা করা হয়েছে। ভবিষ্যতে এ ধরনের প্রাণঘাতী দুর্ঘটনা রোধে অধিকতর সতর্কতা অবলম্বন এবং পূর্বপ্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। এ লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুপূর্ণ পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো :

১. ভবিষ্যতে আর্থিক প্রতিষ্ঠানের যে কোন স্থাপনা নির্মাণ ও ইজারা/ভাড়া গ্রহণের পূর্বে ইমারত নির্মাণ সংশ্লিষ্ট সকল আইন ও বিধিবদ্ধ সংস্থার অনুমোদনের বিষয়ে নিশ্চিত হতে হবে।
 ২. আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিযুক্ত উপযুক্ত ও পেশাদার দক্ষ প্রকৌশলী দল দ্বারা বিদ্যমান সকল ভবনের (প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহ) Structural Strength ও এতদসংক্রান্ত ঝুঁকিসমূহ নিরূপনকরতঃ এ সংক্রান্ত প্রতিবেদন আগামী ০৩ (তিন) মাসের মধ্যে স্ব স্ব পর্ষদের নিকট উপস্থাপন করতে হবে। এছাড়া ২(দুই) বছর পর পর এরূপ পরিদর্শন কার্যক্রম পরিচালনা ও প্রতিবেদন পর্ষদের নিকট উপস্থাপন করতে হবে।
 ৩. ভবিষ্যতে নির্মিতব্য ও ইজারা/ভাড়া হিসেবে গৃহীতব্য ভবনের ক্ষেত্রেও অনুচ্ছেদ-২ এর অনুরূপ নির্দেশনা প্রযোজ্য হবে।
 ৪. দুর্ঘটনা মোকাবেলায় বিবিধ পূর্বপ্রস্তুতিমূলক প্রোগ্রাম যেমন : অগ্নি-নির্বাপন মহড়া, ভূমিকম্প ও ভবন ধ্বংস মোকাবেলায় করণীয় সম্পর্কে প্রশিক্ষণ ইত্যাদি নিয়মিতভাবে অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮